সংবাদ

তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৪

## রায়গঞ্জ সুবর্ণগাতী উচ্চ বিদ্যালয়

# টাকা না দেয়ায় বই পায়নি পাঁচ শতাধিক শিক্ষার্থী

**প্রতিনিধি, রায়গঞ্জ (সিরাজগঞ্জ)**

সিরাজগঞ্জের রায়গঞ্জের সুবর্ণগাতী উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের জিম্মি করে আদায় করা হচ্ছে টাকা। আর টাকা না দেয়ায় নতুন বই দেয়া হয়নি ৫ শতাধিক শিক্ষার্থীকে। প্রধান শিক্ষকের দাবি সারাদেশেই এই টাকা নেয়া হয়। এনিয়ে শিক্ষার্থী অভিভাবকের মাঝে দেখা দিয়েছে নানা ক্ষোভ।

জানা গেছে, যেখানে সারাদেশে মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে বই উৎসব হয়েছে বছরের প্রথম দিনে। বই পেয়ে উল্লসিত শিক্ষার্থীরা। অপরদিকে রায়গঞ্জ উপজেলার সুবর্ণগাতী উচ্চ বিদ্যালয়ে বই উৎসবের পরিবর্তে হয়েছে টাকার উৎসব। বই না দিয়ে এখন টাকা আদায়ে ব্যস্ত হয়ে পড়েছেন শিক্ষকেরা। টাকা না দেয়ায় বই পায়নি ৫ শতাধিক শিক্ষার্থী। যারা বই পেয়েছে তাদেরকে দিতে হয়েছে ৩শ' থেকে ৫শ' টাকা। আবার অনেক অভিভাবক সুদের উপর টাকা এনে সে টাকায় বই নিয়ে দিয়েছেন তার সন্তানকে। টাকা আদায়ের এ কৌশলে বই না দিয়ে স্কুল কক্ষে আটকে রাখা হয়েছে ৫ শতাধীক শিক্ষার্থীর বই। এনিয়ে শিক্ষার্থী অভিভাবকের মাঝে দেখা দিয়েছে নানা ক্ষোভ। একাধিক শিক্ষার্থী জানায়, ৯ম শ্রেণীর বই নিতে ৪৫০ টাকায়, ৮ম শ্রেণীর বই নিতে ৫শ' টাকা, ৭ম শ্রেণীর বই নিতে দিতে হয়েছে ৫শ' টাক। এছাড়া নির্ধারিত টাকার কমে বই দেয়া হয়নি ৯ম শ্রেণীর ছাত্র নয়ন সরকারকে। এভাবে ৫ শতাধীক শিক্ষার্থীর বই আটকে রাখা হয়েছে স্কুলের একটি কক্ষে। আবার কৌশলে পুরাতন বইগুলো আদায় করছে শিক্ষকরা। পরে এই সমস্ত বই বিক্রি করে ভাগবাটোয়ারা করে নেবেন শিক্ষকরা। এ ব্যাপারে প্রধান শিক্ষক শিক্ষক মো. এনামুল হক জানান, সারাদেশেই বই বিতরণের সময় টাকা আদায় করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ছাকমান আলীর সঙ্গে যোগাযোগ করা হলে বিষয়টি তিনি এড়িয়ে যান।

এ ব্যাপারে রায়গঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ইকবাল আক্তার এর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সরকারের লক্ষ্য উদ্দেশ্য হলো বছরের প্রথম দিনে শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়া। এ জন্য শুক্রবারের ছুটিও বাতিল করা হয়েছে। যদি কোন প্রতিষ্ঠান বই বিতরণ না করে শিক্ষার্থীর নিকট থেকে টাকা আদায় করে তাহলে সেই প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।